হবিগঞ্জ সদর উপজেলা পরিষদের জুন, ২০২২ মাসের মাসিক সভার কার্যবিবরণীঃ

সভাপতি : মোঃ আতিকুল ইসলাম
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ

সভার তারিখ : ২৮ জুন ২০২২ সময় : বেলা ১১:০০ ঘটিকা

সভার স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ

সভার হাজিরা : পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য

অনুপস্থিত সদস্যদের তালিকা : পরিশিষ্ট 'খ' দ্রষ্টব্য

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। পরে নিম্নে বর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রঃনং	বিভাগ/বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	দায়িত্ব
০১	বিগত সভার কার্যবিবরণী	উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক বিগত ৩০.০৫.২০২২ খ্রিঃ তারিখের সভার কার্য বিবরণী পাঠ করে শুনানো হয়।	কোন সংশোধনী না থাকায় বিগত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।	উপজেলা নির্বাহী অফিসার, হবিগঞ্জ সদর
০২	স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর	উপজেলা প্রকৌশলী, হবিগঞ্জ সদর এর প্রতিনিধি বলেন যে, ২০২১-২০২২ অর্থ বছরে বার্ষিক কর্মসূচির (এডিপি) অনুমোদিত প্রকল্পসমূহ টেন্ডারের মাধ্যমে বাস্তবায়নাধীন আছে। কাজের অগ্রগতি ৯০%। অবশিষ্ট কাজ জুন মাসের মধ্যে সম্পন্ন হবে।	(ক) বিধি মোতাবেক প্রকল্পগুলোর কাজ নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	(ক) উপজেলা প্রকৌশলী/ ইউপি চেয়ারম্যান (সকল), হবিগঞ্জ সদর
		তিনি (ক) রাজিউড়া ও নিজামপুর ইউপি ভবন মেরামত কাজের সংশোধিত প্রাক্কলন অনুমোদন (খ) জেলা প্রশাসক, হবিগঞ্জ এর অফিস চত্বরে নির্মিতব্য সংলগ্ন পুকুরে গাইড ওয়ালসহ অনুমোদিত প্রাক্কলন অনুযায়ী টেন্ডার অনুমোদন; (গ) মাননীয় সংসদ সদস্যের অনুকূলে এপিপি বিশেষ বরাদ্দ হতে গৃহীত স্কীমসমূহ অনুমোদন ও (ঘ) নতুন সড়ক আইডিভুক্ত করণের লক্ষ্যে ইউনিয়ন পরিষদ হতে প্রাপ্ত সড়ক সমূহের তালিকা অনুমোদন করার জন্য প্রস্তাব করেন। (কপি সংযুক্ত)	(খ) বিস্তারিত আলোচনান্তে বর্ণিত প্রকল্পসমূহের প্রাক্কলন/ টেন্ডার ও সড়কসমূহের তালিকা সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।	(খ) উপজেলা প্রকৌশলী, হবিগঞ্জ সদর
০৩	কৃষি বিভাগ	উপজেলা কৃষি অফিসার, হবিগঞ্জ সদর বলেন, বন্যার কারণে মাঠের ফসল ও শাক শব্জির ব্যাপক ক্ষয়-ক্ষতি হয়েছে। ক্ষতিগ্রস্থ কৃষকদের তালিকা প্রস্তুত করা হচ্ছে। সভাপতি বলেন, কৃষি ভর্তুকি প্রদানের তালিকা হালনাগাদ করার উপর গুরুত্বারোপ করেন।	ক্ষয়-ক্ষতি নিরুপন করা ও দ্রুত ক্ষতিগ্রস্থ কৃষকদের ভর্তুকির তালিকা হালনাগাদ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা কৃষি অফিসার, হবিগঞ্জ সদর
০৪	মাধ্যমিক শিক্ষা বিভাগ	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, হবিগঞ্জ সদর বলেন, বন্যার পানিতে ৩টি ইউনিয়ন তলিয়ে যাওয়ায় শিক্ষা কার্যক্রম বন্ধ রয়েছে। বন্যার কারণে এসএসসি পরীক্ষা স্থগিত করা হয়েছে।	যথযথভাবে অফিসের কার্যক্রম চালিয়ে যাওয়ার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, হবিগঞ্জ সদর
০৫	শিক্ষা বিভাগ	উপজেলা শিক্ষা অফিসার, হবিগঞ্জ সদর বলেন, বন্যার পানিতে মোট ৪১টি বিদ্যালয় তলিয়ে গিয়েছে এবং ১৪টি বিদ্যালয়ে আশ্রয়ণ কেন্দ্র হিসেবে ব্যবহার করা হচ্ছে। তিনি আরও বলেন, বন্যায় স্কুলের অনেক ক্ষতি হয়েছে। স্কুলের আসবাবপত্র নষ্ট হচ্ছে, এব্যাপারে উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবরে পত্র দেয়া হয়েছে।	যথযথভাবে অফিসের কার্যক্রম চালিয়ে যাওয়ার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা শিক্ষা অফিসার, হবিগঞ্জ সদর
০৬	জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর	জনাব মোঃ সজীব মিয়া, উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, হবিগঞ্জ সদর সভায় অনুপস্থিত থাকায় এ বিভাগ সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি।	পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়।	উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, হবিগঞ্জ সদর

০৭	সমাজসেবা বিভাগ	উপজেলা সমাজসেবা অফিসার,হবিগঞ্জ সদর সভায় অনুপস্থিত থাকায় এ বিভাগ সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি।	পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা সমাজসেবা অফিসার,হবিগঞ্জ সদর
০৮	পরিবার পরিকল্পনা বিভাগ	প্রতিনিধি, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, হবিগঞ্জ সদর বলেন, মে,২০২২ মাসে বিভিন্ন ক্লিনিকে মোট ২২৪টি নরমাল ডেলিভারী করা হয়েছে।	যথাযথভাবে কার্যক্রম চালিয়ে যাওয়ার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, হবিগঞ্জ সদর
০৯	সমবায় বিভাগ	উপজেলা সমবায় অফিসার, হবিগঞ্জ সদর লক্ষ্যমাত্রা অনুযায়ী তার অফিসের কাজ সমাপ্ত হয়েছে এবং অন্যান্য কাজকর্ম স্বাভাবিকভাবে চলমান আছে।	যথাযথভাবে কার্যক্রম চালিয়ে যাওয়ার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা সমবায় অফিসার, হবিগঞ্জ সদর
১০	মৎস্য বিভাগ	মৎস্য দপ্তরের প্রতিনিধি জানান যে,উপজেলা পরিষদের মে, ২০২২ মাসের মাসিক সভায় তেঘরিয়া ইউনিয়নের করাঙ্গী নদী সংলগ্ন ঘুঙ্গিয়াজুড়ি হাওড়ে গণস্বাক্ষর ও সুপারিশসহ স্থানীয় জনগণের আবেদনের প্রেক্ষিতে টেকনিকেল কমিটি গঠনপূর্বক অভয়াশ্রম স্থাপনের প্রাক যোগ্যতা নির্ণয়ের সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত টেকনিকেল কমিটির সদস্যবৃন্দ সরেজমিনে অভয়াশ্রমের সম্ভাব্যতা যাচাইপূর্বক তেঘরিয়া ইউনিয়নের রজতপুর গ্রামের পাশ দিয়ে বয়ে যাওয়া করাঙ্গী নদীর স্লুইচ গেটের মুখ থেকে মইসার বনের মোড় পর্যন্ত মোট ১ কিলোমিটারে অবস্থিত দুই কূপকে অন্তর্ভুক্ত করে মৎস্য অভয়াশ্রম স্থাপনের সুপারিশ করেন।	হবিগঞ্জ সদর উপজেলার তেঘরিয়া ইউনিয়নের করাঙ্গী ব্রীজের সন্নিকটে করাঙ্গী নদীর স্লুইচ গেটের মুখ থেকে মইসার বনের মুখ পর্যন্ত মোট ১ কিলোমিটারে দুইটি কূপ বা কুয়াকে অন্তর্ভুক্ত করে মৎস্য অভয়াশ্রম ঘোষণার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য সহকারী কমিশনার(ভূমি)কে অনুরোধ করা হলো। উক্ত স্থাপনার অন্যান্য উদ্যোগ যেমন কমিটি গঠন,স্থাপনা নির্মাণের যাবতীয় কার্যক্রম বাস্তবায়নের জন্য সিনিয়র উপজেলা মৎস্য অফিসারকে অনুরোধ করা হলো।	সহকারী কমিশনার (ভূমি)/সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, হবিগঞ্জ সদর
১১	যুব উন্নয়ন বিভাগ	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, হবিগঞ্জ সদর বলেন, ২০২১-২২ অর্থ বছরে ঋন বিতরণের লক্ষ্যমাত্রা ৩৩ লক্ষ টাকা,মে,২০২২ মাস পর্যন্ত ৩০ লক্ষ ৪০ হাজার টাকা ঋন বিতরণ করা হয়েছে। চলমান আদায়ের হার ৯৪.৫৬%। ক্রমপুঞ্জিত ঋন বিতরণ ৩ কোটি ২৫ লক্ষ ৭৩ হাজার ৫ শত টাকা, ক্রমপুঞ্জিত আদায়ের হার ৯৫.১০%। ৪২০ জন লক্ষ্যমাত্রার বিপরীতে মে,২০২২ পর্যন্ত ১০০% প্রশিক্ষণ প্রদান করা হয়েছে,আত্ম কর্মসংস্থানের লক্ষ্যমাত্রা ৬০ জন তন্মধ্যে মে,২০২২ পর্যন্ত অর্জিত আত্মকর্মীর সংখ্যা ৫৫ জন। ক্রমপুঞ্জিত আত্মকর্মী অর্জন ১৪৭২ জন।	যথাযথভাবে কার্যক্রম চালিয়ে যাওয়ার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, হবিগঞ্জ সদর
১২	পল্লী উন্নয়ন বিভাগ	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, হবিগঞ্জ সদর বলেন, গত মাসে মোট ৩ লক্ষ ৫০ হাজার টাকা ঋন আদায় করা হয়েছে।	যথযথভাবে কার্যক্রম চালিয়ে যাওয়ার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, হবিগঞ্জ সদর
১৩	পল্লী সঞ্চয় ব্যাংক	শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, হবিগঞ্জ সদর বলেন, বন্যায় ক্ষতিগ্রস্থ জনগণের পাশে দাঁড়ানোর প্রচেষ্টা চলছে। বর্তমানে ঋন আদায় শিথিল করা হয়েছে। বন্যায় ক্ষতিগ্রস্থদের ঋন প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।	যথযথভাবে কার্যক্রম চালিয়ে যাওয়ার জন্য অনুরোধ করা হয়।	শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, হবিগঞ্জ সদর
১৪	স্বাস্থ্য ও প: প: বিভাগ	মেডিকেল অফিসার,উপজেলা স্বাস্থ্য ও প: প: অফিস, হবিগঞ্জ সদর বলেন, বন্যায় প্লাবিত এলাকায় স্বাস্থ্যসেবা প্রদানের লক্ষ্যে ১২টি টিম মাঠ পর্যায়ে কর্মরত আছে। তিনি আরও বলেন, কোভিড-১৯ এর সংক্রমণ বৃদ্ধি পাচ্ছে,তাই	করোনা সংক্রমণ প্রতিরোধে মাস্ক ব্যবহারসহ স্বাস্থ্যবিধি মেনে চলা এবং কোভিড-১৯ এর বোস্টার ডোজ টিকা গ্রহণে জনগণকে উদ্বুদ্ধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	ইউপি চেয়ারম্যান (সকল),হবিগঞ্জ সদর

		স্বাস্থ্যবিধি মেনে চলার উপর জনসচেতনতা বৃদ্ধি করার উপর গুরুত্বারোপ করেন। পাশাপাশি বোস্টার ডোজ গ্রহণ করার আহবান জানান।		
১৫	মহিলা বিষয়ক	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা(অ:দা:), হবিগঞ্জ সদর সভায় অনুপস্থিত থাকায় আলোচনা করা সম্ভব হয়নি।	পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (অ:দা:),হবিগঞ্জ সদর
১৬	প্রাণিসম্পদ বিভাগ	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা(অ:দা:), হবিগঞ্জ সদর সভায় অনুপস্থিত থাকায় এ বিভাগ সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি।	পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (অ:দা:), হবিগঞ্জ সদর
১৭	বিএডিসি (সেচ) বিভাগ	উপসহকারী প্রকৌশলী বিএডিসি (সেচ), হবিগঞ্জ সদর সভায় অনুপস্থিত থাকায় এ বিভাগ সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি।	পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।	উপসহকারী প্রকৌশলী বিএডিসি (সেচ), হবিগঞ্জ সদর
১৮	ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, হবিগঞ্জ সদর বলেন, টিআর ও কাবিখা প্রকল্প সমাপ্তির ছবি ও মাস্টার রোল দ্রুত দাখিল করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। তিনি বলেন, মাননীয় প্রধানমন্ত্রী বন্যায় দুর্গতদের জন্য পর্যাপ্ত ত্রাণ বরাদ্দের ব্যবস্থা গ্রহণ করেছেন। ত্রান সামগ্রী যথাযথভাবে বিতরণ করার উপর তিনি গুরুত্বারোপ করেন। বন্যায় ক্ষতিগ্রস্থদের তথ্যাদি নির্ধারিত ডি ফরমের মাধ্যমে সঠিকভাবে পূরণ করে সরবরাহ করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। আসন্ন ঈদ উপলক্ষে ভিজিএফ এর চাল প্রাপ্তির সাথে সাথে যথাযথভাবে বিতরণ করার জন্যও অনুরোধ জানান।	টিআর ও কাবিখা প্রকল্পগুলো নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। বন্যায় ক্ষতিগ্রস্থদের তথ্যাদি নির্ধারিত ডি ফরমের মধ্যেমে তথ্য সরবরাহ করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়।	ইউপি চেয়ারম্যান (সকল), হবিগঞ্জ সদর
১৯	খাদ্য বিভাগ	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, হবিগঞ্জ সদর বলেন, খাদ্য বান্ধব ভোক্তা সফটওয়ারের মাধ্যমে যাচাই করা হবে। সেলক্ষ্যে ইউডিসি'র উদ্যোক্তাদের কে প্রশিক্ষণ দেয়া হচ্ছে। বন্যার কারণে উক্ত কার্যক্রম শিতিল অবস্থায় আছে। বন্যার পর প্রশিক্ষণ কার্যক্রম শুরু করা হবে। এ প্রসঙ্গে সভাপতি বলেন, খাদ্য গুদাম হতে উপকার ভোগীদের যে চাল সরবরাহ করা হয় তন্মধ্যে ১/২টি বস্তায় নিম্নমানের চাল পাওয়া যায়, যা খাওয়ার অনুপযোগী। এব্যাপারে নজর দেয়ার জন্য তিনি উপজেলা খাদ্য নিয়ন্ত্রক,হবিগঞ্জ সদরকে পরামর্শ প্রদান করেন।	খাদ্য গুদাম হতে মান সম্মত চাল সরবরাহ করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, হবিগঞ্জ সদর
২০	বিবিধ	(ক) জনাব মো: আব্দুল মন্নান, চেয়ারম্যান, ৫ নং গোপায়া ইউপি বলেন,বন্যা দুর্গত এলাকায় স্বাস্থ্য বিভাগের মেডিকেল টিমের কার্যক্রম নজরে পড়েনি। জনপ্রতিনিধিদের সাথে সমন্বয় করে কার্যক্রম পরিচালনা করার অনুরোধ জানান। তিনি বলেন, ভিজিডি কার্ডধারীদের মধ্যে অনেক অযোগ্য ব্যক্তি তথা একই পরিবারে একাধিক ব্যক্তিকে কার্ড দেয়া হয়েছে। আবার অনেকে ডিলারের নিকট চাল বিক্রি করে দেন। তিনি যাচাই করে অযোগ্য লোকদের কার্ড বাতিল করে যোগ্য ব্যক্তিদের কার্ড সরবরাহ করার প্রস্তাব করেন। (খ) চেয়ারম্যান, ১ নং লোকড়া ইউপি, হবিগঞ্জ সদর বলেন, বামকান্দি গ্রামের রাস্তাটি বন্যায় ক্ষতিগ্রস্থ হয়েছে,উক্ত রাস্তাটি দ্রুত মেরামত করার জন্য তিনি প্রস্তাব করেন।	ভিজিডি কার্ডধারী/ উপকারভোগী দের তালিকা যাচাই বাছাই করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা খাদ্য নিয়ন্ত্রক/ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, হবিগঞ্জ সদর

		(গ) চেয়ারম্যান, ৪ নং পৈল ইউপি, হবিগঞ্জ সদর বিগত ৫টি সভায় অনুপস্থিত থাকায় দু:খ প্রকাশ করেন। তিনি বলেন, বন্যার পানিতে পৈল ইউনিয়নের প্রায় এক তৃতীয়াংশ তলিয়ে গেছে। পৈল গরুর বাজার পানিতে তলিয়ে যাওয়ায় রাস্তার উপর বাজার বসাতে হবে।		
		(ঘ) চেয়ারম্যান, ৩ নং তেঘরিয়া ইউপি বলেন, তার ইউনিয়নের ২টি স্কুলে বন্যাশ্রয় কেন্দ্র স্থাপন করা হয়েছে। উক্ত কেন্দ্রসমূহে ত্রান সামগ্রী সরবরাহ করার জন্য প্রস্তাব করেন।		
		(ঙ) জনাব মো: নাজমুল হক কামাল, ওসি,অপারেশন,হবিগঞ্জ সদর মডেল থানা বলেন, আসন্ন ঈদুল আজহা উপলক্ষে গরুর বাজারসমূহে নিজস্ব ভলান্টিয়ার নিয়োগ ও লাইটিং এর ব্যবস্থা গ্রহণ করার জন্য ইজারাদারদের প্রতি অনুরোধ জানান।	অস্থায়ী গরুর বাজারগুলো নিজস্ব ভলান্টিয়ার দ্বারা ব্যবস্থাপনা নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।	সংশ্লিষ্ট ইজারাদার, হবিগঞ্জ সদর
		(চ) জনাব ফেরদৌস আরা বেগম,মহিলা ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর বলেন, আসন্ন উদুল আজহা উপলক্ষে এ উপজেলায় ৮টি অস্থায়ী গরুর বাজার বসানোর আবেদনপত্র সুপারিশ করা হয়েছে। প্রত্যেকটি বাজার কমিটিকে বাজারগুলো সঠিকভাবে ব্যবস্থাপনা করার উপর গুরুত্বারোপ করেন। তিনি বলেন, বন্যার কারণে পানি বাহিত রোগের প্রাদুর্ভাব দেখা দিতে পারে। এব্যাপারে সচেতনতা অবলম্বনের আহবান জানান।		
		(ছ) জনাব মাহবুবুর রহমান আউয়াল,ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর বলেন,বন্যার কারণে বর্তমানে লোকজন কষ্টে দিনাতিপাত করছে। তেঘরিয়া গ্রামের মজলিশপুরের লোকজন হাঁটু পানি পেরিয়ে যাতায়াত করতে হচ্ছে। সেখানে ১টি বাঁশের সাঁকো স্থাপন করলে ভালো হতো। তিনি আরও বলেন, গরু মোটাতাজাকরণের জন্য ফিড খাওয়ানো হচ্ছে। যা স্বাস্থ্যের জন্য ক্ষতিকর। এ বিষয়টি নজরদারী করার জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অনুরোধ জানান।	গরু মোটাতাজাকরণের জন্য ক্ষতিকর ফিড খাওয়ানো বিষয়ে তদন্তক্রমে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, হবিগঞ্জ সদর
		(জ) উপজেলা নির্বাহী অফিসার,হবিগঞ্জ সদর বলেন, কাবিখা/টিআর প্রকল্পের কাজ জুন মাসের মধ্যে সমাপ্ত করতে হবে। তিনি বলেন, ভূমিহীন ও গৃহহীনদের জন্য গৃহ নির্মাণ কার্যক্রম চলমান আছে। এ কর্মসূচি বাস্তবায়নে তিনি সকলের সহযোগিতা কামনা করেন। তিনি আরও বলেন,জনসংখ্যা অনুপাতে প্রত্যেক ইউনিয়নে ০ থেকে ১ বছর পর্যন্ত শিশুদের জন্ম নিবন্ধন অনেক কম হচ্ছে। এ বিষয়টি গুরুত্বসহকারে দেখার জন্য তিনি ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান।	কাবিখা/টিআর প্রকল্পের কাজ নির্ধারিত সময়ের মধ্যে সমাপ্ত করতে হবে। গৃহহীনদের জন্য গৃহ নির্মাণ কাজে সকলকে সহযোগিতা করার এবং শিশুদের জন্মনিবন্ধনের ব্যাপারে গুরুত্ব সহকারে দেখার সিদ্ধান্ত গৃহীত হয়।	ইউপি চেয়ারম্যান (সকল), হবিগঞ্জ সদর
		(ঝ) জনাব মোতাচ্ছিরুল ইসলাম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর বলেন, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা ও উপজেলা সমবায় কর্মকর্তা স্ব স্ব বিভাগ থেকে শুদ্ধাচার		

		পুরস্কার পেয়েছেন। এজন্য সভার পক্ষ হতে তাদের অভিনন্দন জ্ঞাপন করেন। তিনি বলেন, পৈল গরুর বাজারে পানি উঠে যাওয়ায় পার্শ্ববর্তী রাস্তায় বাজার বসতে পারে। তবে ইজারাদারকে এক্ষেত্রে নিজস্ব ভলান্টিয়ার নিয়োগের ব্যবস্থা গ্রহণ করতে হবে। তিনি আরও বলেন, ত্রান সামগ্রী বিতরণে হবিগঞ্জ সদর উপজেলা বদনাম নেই। তাই ত্রান বিতরণে সংশ্লিষ্ট সকলকে সতর্কতা অবলম্বন করার পরামর্শ প্রদান করেন। তিনি বলেন, সরকারী বরাদ্দ প্রাপ্তির ক্ষেত্রে বন্যায় ক্ষয়-ক্ষতির বিবরণ সঠিকভাবে ডি ফরম পূরণ করে দাখিল করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। তিনি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র সমূহের কার্যক্রম নিয়মিত মনিটরিং করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে পরামর্শ প্রদান করেন।	ত্রান বিতরণে সতর্কতা অবলম্বন করা এবং বন্যায় ক্ষয়-ক্ষতির বিবরণ নির্ধারিত ডি ফরমে দ্রুত দাখিল করার সিদ্ধান্ত গৃহীত হয়।	ইউপি চেয়ারম্যান (সকল), হবিগঞ্জ সদর
		অদ্যকার সভায় যে সকল সদস্য অনুপস্থিত আছেন,অনুপস্থিতির কারণ ব্যাখ্যা চাওয়ার জন্য তিনি প্রস্তাব করেন।	সভায় অনুপস্থিত সদস্যগণকে অনুপস্থিতির কারণ ব্যাখ্যা করার সিদ্ধান্ত গৃহীত হয়।	সংশ্লিষ্ট সদস্যগণ।
		(ঞ) তিনি উপজেলা পরিষদের জুন, ২০২২ মাসের মাসিক সভার আপ্যায়ন বিল= ৩০,০০০/- টাকা; উপজেলা পরিষদের চেয়ারম্যানের জীপ গাড়ি নং-হবি-ঘ-১১-০০২৬ এর এপ্রিল,২০২২ হতে জুন,২০২২ পর্যন্ত গ্যাস ও জ্বালানী বিল-৩৭,৪৪৩/-টাকা; উক্ত গাড়ির এপ্রিল, ২০২২ হতে মে,২০২২ পর্যন্ত পেট্রোল, ওয়েল ও লুব্রিকেন্ট বিল-৭৪২৮/-টাকা; উক্ত জীপগাড়ি মেরামত বাবদ-৩৫৭৫০/-টাকা; জানুয়ারি,২০২২ হতে মে,২০২২ পর্যন্ত মনিহারী দ্রব্যাদি ক্রয় বাবদ ২৫,০০০/- টাকা এবং উপজেলা পরিষদের ফেব্রুয়ারি,২০২২ হতে জুন, ২০২২ পর্যন্ত পত্রিকার বিল=৪,৮০০/- টাকা এবং ২০১৭-২০১৮ অর্থ বছরের পৌরকর বিল বাবদ ২,৪০,০০০/- টাকা ব্যয় করার জন্য প্রস্তাব করেন।		

২১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর এর অনুচ্ছেদ ২০(ঞ) এর প্রস্তাবানুযায়ী উপজেলা রাজস্ব তহবিল হতে নিম্নে বর্ণিত ব্যয় অনুমোদনের জন্য গৃহীত হয়।

ক্র: নং	প্রস্তাবিত প্রকল্প/ব্যয়ের বিবরণ ও সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	উপজেলা পরিষদের জুন, ২০২২ মাসের মাসিক সভার আপ্যায়ন বিল বাবদ= ৩০,০০০/- টাকা (ভ্যাট ও আয়করসহ) ব্যয় ভাউচার সভায় অনুমোদিত হয়।	চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার, হবিগঞ্জ সদর
০২	উপজেলা পরিষদের চেয়ারম্যানের জীপ গাড়ি নং-হবি-ঘ-১১-০০২৬ এর এপ্রিল,২০২২ হতে জুন,২০২২ পর্যন্ত গ্যাস ও জ্বালানী বিল-৩৭,৪৪৩/-টাকা (ভ্যাট ও আয়করসহ) ব্যয় ভাউচার সভায় অনুমোদিত হয়।	চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার, হবিগঞ্জ সদর
০৩	উপজেলা পরিষদ চেয়ারম্যানের জীপ গাড়ির এপ্রিল,২০২২ হতে মে,২০২২ পর্যন্ত পেট্রোল,ওয়েল ও লুব্রিকেন্ট বিল-৭৪২৮/-টাকা (ভ্যাট ও আয়করসহ) ব্যয় ভাউচার সভায় অনুমোদিত হয়।	চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার, হবিগঞ্জ সদর
০৪	উপজেলা পরিষদ চেয়ারম্যানের জীপগাড়ি মেরামত বাবদ-৩৫৭৫০/-টাকা (ভ্যাট ও আয়কর সহ) ব্যয় ভাউচার সভায় অনুমোদিত হয়।	চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার, হবিগঞ্জ সদর
০৫	উপজেলা পরিষদের জানুয়ারি,২০২২ হতে মে,২০২২ পর্যন্ত মনিহারী দ্রব্যাদি ক্রয় বাবদ ২৫,০০০/- টাকা ব্যয় ভাউচার সভায় অনুমোদিত হয়।	চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার, হবিগঞ্জ সদর
০৬	উপজেলা পরিষদের ফেব্রুয়ারি,২০২২ হতে জুন, ২০২২ পর্যন্ত পত্রিকার বিল= ৪,৮০০/- টাকা ব্যয় ভাউচার সভায় অনুমোদিত হয়।	চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার, হবিগঞ্জ সদর

০৭	২০১৭-২০১৮ অর্থ বছরের পৌরকর বিল বাবদ ২,৪০,০০০/- টাকা ব্যয় ভাউচার সভায় অনুমোদিত হয়।	- ১৮ -

সভায় অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোতাচ্ছিরুল ইসলাম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
হবিগঞ্জ সদর, হবিগঞ্জ

স্মারক নং-০৫.৪৬.৩৬৪৪.০০১.০৪.০১২.২০২২- ৪৫৭

তারিখ : ২৮ জুন ২০২২

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে :

১। মাননীয় সংসদ সদস্য, হবিগঞ্জ-৩
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট
৪। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট
৫। জেলা প্রশাসক, হবিগঞ্জ
৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, হবিগঞ্জ
৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ
৮। চেয়ারম্যান ....ইউপি(সকল), হবিগঞ্জ সদর, হবিগঞ্জ
৯। ....সদস্য(সকল), হবিগঞ্জ সদর, হবিগঞ্জ

নাজরাতুন নঈম
উপজেলা নির্বাহী অফিসার(অ:দা:)
হবিগঞ্জ সদর, হবিগঞ্জ